গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা
রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্মারক নং-৩৮.০৫.৮১০০.০০০.৮০.২০৮.২১-১০৯৪/৫

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ আগষ্ট, ২০২৬ খ্রি.

## নোটিশ

এতদ্বারা অত্র বিভাগের আওতাধীন সকল সহকারী শিক্ষকদের জানানো যাচ্ছে যে, ২৯/০৭/২৬ তারিখে স্বাক্ষরিত একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর ২১/০৬/২৬ তারিখের ৩৮.০০.০০০০.০০০.০০৮.০৪.০০০১.১৭.৩৫০ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন এবং অন্তঃবিভাগ (সিটি কর্পোরেশন ব্যতীত) প্রাথমিক শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটির ১৩/০৮/২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে **বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ও সভাপতি অন্তঃবিভাগ (সিটি কর্পোরেশন ব্যতীত) প্রাথমিক শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি** বরাবর নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৬/০৮/২০২৬ তারিখ হতে সভার পূর্বদিন পর্যন্ত অন্তঃবিভাগ (সিটি কর্পোরেশন ব্যতীত) প্রাথমিক শিক্ষক বদলির আবেদন **বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী'র দপ্তরে দাখিল/প্রেরণ** করার জন্য অনুরোধ করা হলো।

**<u>বদলীর শর্তাবলী:</u>**

০১) চাকুরীর মেয়াদ ন্যূনতম ০২ (দুই) বছর পূর্ন না হলে কোন সহকারী শিক্ষক/শিক্ষিকা বদলিযোগ্য বিবেচিত হবেন না। যেকোন বদলির পর ০৩ (তিন) বছর অতিক্রম না হলে কোন শিক্ষক পুনঃবদলির জন্য বিবেচিত হবেন না;

০২) সংশ্লিষ্ট বিদ্যালয়ে শুধু শুন্য পদের বিপরীতে বদলির করা হবে;

০৩) যে সকল বিদ্যালয়ে ০৫ (পাঁচ) জন বা তার কম সংখ্যক শিক্ষক কর্মরত আছেন কিংবা শিক্ষক শিক্ষার্থী ১:৪০ এর বেশী রয়েছে, সে সকল বিদ্যালয় থেকে শিক্ষক বদলি করা হবে না;

০৪) কোন শিক্ষকের আবেদন ব্যতীত নিজ বিদ্যালয় হতে অন্য বিদ্যালয়ে বদলি করা হবে না;

০৫) একই বিদ্যালয়ে একাধিক শিক্ষক বদলির আবেদন করলে যথাক্রমে জ্যৈষ্ঠ শিক্ষকগণ অগ্রাধিকার পাবেন;

০৬) বদলির ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে শিক্ষিকাগণ স্থায়ী ঠিকানা/স্বামীর স্থায়ী ঠিকানার নিকটবর্তী বিদ্যালয়ে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

১৩/০৮/২৬
মোঃ আব্দুস সালাম
বিভাগীয় উপপরিচালক (চঃদাঃ)
প্রাথমিক শিক্ষা
রাজশাহী বিভাগ, রাজশাহী
ও
সদস্য সচিব
অন্তঃ বিভাগ (সিটি কর্পোরেশন ব্যতীত) প্রাথমিক শিক্ষক
বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ কমিটি
ফোন-০২৫৮৮৮৫৫৫৮৭।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী বিভাগ।
০৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), রাজশাহী বিভাগ।
০৬। সংরক্ষণ নথি।